

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৬/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ নওশের আলী

গ্রাম-উত্তর হরিরাম পুর

পোস্ট-বেলাইচন্দী, থানা-পার্বতীপুর

জেলা- দিনাজপুর।

প্রতিপক্ষ : অধিনায়ক

১৬ পদাতিক ব্রিগেড.

বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাস

খোলাহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৯-০৬-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ নওশের আলী ১৩-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে ১৬ পদাতিক ব্রিগেড. বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাস, খোলাহাটি, পার্বতীপুর, দিনাজপুর এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ না করায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, উক্ত দপ্তরে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ না করায় তিনি তার তথ্য জানতে পারছেন না।

০২। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৯-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ নওশের আলী হাজির। প্রতিপক্ষ ১৬ পদাতিক ব্রিগেড. বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাস, খোলাহাটি, পার্বতীপুর, দিনাজপুর গরহাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ১৬ পদাতিক ব্রিগেড. বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাস, খোলাহাটি, পার্বতীপুর, দিনাজপুর এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ না করায় তিনি অভিযোগ দায়ের করেছেন।

০৪। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ প্রদানের জন্য অধিনায়ক, বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাস ও প্রতিরক্ষা মন্ত্রণালয়কে পত্র প্রদানের জন্য কমিশন মতামত প্রদান করেন।

পর্যালোচনা।

অভিযোগকারীর বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাসে প্রতিরক্ষা মন্ত্রণালয় বা সেনা বাহিনী কর্তৃক কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ দেয়া হয়নি। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০ ধারা অনুযায়ী আইনটি প্রচলনের ৬০ (ষাট) দিনের মাঝে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করার বিধান রয়েছে। যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করা হয়নি, সেহেতু, তথ্য অধিকার আইনানুযায়ী নিয়োগ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ পূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা যেতে পারে।

(অঃ পৃঃ দ্রঃ)

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ প্রদানের জন্য অধিনায়ক, বীর উত্তম শহীদ মাহাবুব সেনানিবাস ও প্রতিরক্ষা মন্ত্রণালয়কে নির্দেশনা দেয়া হলো।
- ২। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার